রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম মুযাবানা থেকে নিষেধ করেছেন, আর তা হলো এমনভাবে বাগানের ফল বিক্রয় করা যে, যদি খেজুর হয় তাহলে মেপে শুকনো খেজুরের বদলে। আর যদি আঙ্গুর হয় তাহলে মেপে কিসমিসের বদলে। আর যদি ফসল হয় তাহলে মেপে খাদ্যের বদলে বিক্রি করা। তিনি এসব বিক্রি থেকে নিষেধ করেছেন।

আব্দুল্লাহ ইবনু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা হতে বর্ণিত, তিনি বলেন, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম মুযাবানা থেকে নিষেধ করেছেন, আর তা হলো এমনভাবে বাগানের ফল বিক্রয় করা যে, যদি খেজুর হয় তাহলে মেপে শুকনো খেজুরের বদলে। আর যদি
আঙ্গুর হয় তাহলে মেপে কিসমিসের বদলে। আর যদি ফসল হয় তাহলে মেপে খাদ্যের বদলে বিক্রি করা। তিনি এসব বিক্রি থেকে নিষেধ করেছেন”। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম মুযাবানা থেকে নিষেধ করেছেন। আর তা হল, একই ধরনের জানা বস্তুকে অজানা বস্তর বিনিময়ে বিক্রি করা। কারণ, এ ধরনের বিক্রিতে ক্ষতি নিহিত। এ ছাড়াও উভয় পণ্য সমান হওয়ার বিষয়টি অজান থাকায় তা সুদের দিকে নিয়ে যায়। এর একাধিক দৃষ্টান্ত বর্ণনা করা হয়েছে যা এ বিক্রিকে স্পষ্ট করে ও তার বর্ণনা দেয়। আর তা হলো যেমন, বাগানের ফল বিক্রয় করা। যদি খেজুর হয় মেপে শুকনো খেজুরের বদলে। আর যদি আঙ্গুর হয় মেপে কিসমিসের বদলে, আর যদি ফসল হয় মেপে একই জাতীয় ফসলের বদলে বিক্রি করা। তিনি এ ধরনের বিক্রি নিষেধ করেছেন। কারণ তাতে রয়েছে বিভিন্ন খারাবী ও ক্ষতি।

https://sunnah.global/hadeeth/bn/show/5848